



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০.১৫৬

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

বিষয়: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী তাহের আহম্মদ মহিলা কলেজের নিয়োগ প্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর এমপিওভুক্তি প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৮.১১৫, তারিখ- ২৮/০৮/২০২০খ্রি. মোতাবেক বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী তাহের আহম্মদ মহিলা কলেজের নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর এমপিও আবেদন যাচাইপূর্বক বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তি করার জন্য অত্র অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে।

আবেদনের বর্ণনা: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী তাহের আহম্মদ মহিলা কলেজের নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ১২/১১/২০০৪খ্রি. তারিখে নিয়োগ পত্রের মাধ্যমে ২৪/০৪/২০০৪খ্রি. তারিখে যোগদান করেন। যাহার বিষয় কোড ২১৪ ও ২১৫। কলেজটি ২৩/১০/২০১৯খ্রি. তারিখে এমপিওভুক্ত হয়। সকল শিক্ষক কর্মচারীর নাম আঞ্চলিক কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করলে প্রাপ্যতা না থাকায় তার নাম বাদ পড়ে। তিনি দাবি করেন ২০০১ সালে মানবিক শাখায় ইসলামের ইতিহাস বিষয়ের স্বীকৃতি প্রদান করা হয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং ৩/কল/বগ/৯৭২/১ম্য/৩৭৫৭, তারিখ-৩০/১০/২০০৪খ্রি. মোতাবেক ইসলামি শিক্ষা শাখায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে খোলার অনুমোদন দেয়া হয়। বিষয় ০২টি ভিন্ন ভিন্ন এবং বর্ণিত বিষয় ০২টিতে ০২ (দুই) জন শিক্ষকের প্রাপ্যতা আছে।


বর্ণিত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর মতামত গ্রহণ করার জন্য রাজশাহী বোর্ডে পত্র দেয়া হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী উক্ত পত্রে জবাব দাখিল করেন।

রাজশাহী বোর্ডের মতামত: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী তাহের আহম্মদ মহিলা কলেজে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং ৩/কল/বগ/৯৭২/২৫৭৮, তারিখ-১৩/১১/২০০১খ্রি. মোতাবেক মাধ্যমিক শাখায় ইসলামের ইতিহাস বিষয় কোড ২০৯ ও ২১০ অনুমোদন দেয়া হয়। অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে স্মারক নং ৩/কল/বগ/৯৭২/১ম্য/৩৭৫৭, তারিখ-৩০/১০/২০০৪খ্রি. মোতাবেক প্রতিষ্ঠানটিতে ইসলামি শিক্ষা শাখায় “ইসলামের ইতিহাস ও সংস্কৃতি” বিষয় কোড ২১৪ ও ২১৫ অনুমোদন দেয়া হয়। প্রকৃত পক্ষে শাখা দুইটি ভিন্ন। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/তারিখ-১১/১২/২০১৩ পরিপত্রের আলোকে ইসলামের ইতিহাস বিষয় কোড ২০৯ ও ২১০ হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় কোড ২৬৭ ও ২৬৮তে রূপান্তরিত হয় এবং ইসলামি শিক্ষা শাখার ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় কোড ২১৪ ও ২১৫ অবলুপ্ত হয়। এক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর এমপিও সংক্রান্ত আবেদনটি শিক্ষা মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্রের ২ ধারায় বিবেচনা করা যেতে পারে।

বর্ণিত শিক্ষক এর কলেজে প্রাপ্যতা, প্যাটার্ন ও নিয়োগকালীন জনবল কাঠামো ও এমপিও নীতিমালা এর এমপিও ভুক্তির শর্তসমূহ উল্লেখপূর্বক সিদ্ধান্ত কামনা করে মাউশি অধিদপ্তরের পরবর্তী এমপিও সভায় উপস্থাপন করা হয় (অনুচ্ছেদ ০৯)।

কমিটির সুপারিশ: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী তাহের আহম্মদ মহিলা কলেজের প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর নিয়োগকালীন জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-১৯৯৫ অনুসারে প্রাপ্যতা না থাকায় এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির সভার সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।



১০-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd


অধ্যক্ষ, হাজী তাহের আহম্মদ মহিলা কলেজ, আদমদীঘি,
বগুড়া

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০.১৫৬/১(২)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮
১০ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সভাপতি, পরিচালনা কমিটি, হাজী তাহের আহম্মদ মহিলা কলেজ, আদমদীঘি, বগুড়া।



১০-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক